গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বারহাট্টা, নেত্রকোণা
www.barhatta.netrokona.gov.bd

**উপজেলা আইনশৃঙ্খলা কমিটি'র সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব এস. এম. মাজহারুল ইসলাম,
উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, বারহাট্টা, নেত্রকোণা।

সভার তারিখ ও সময় ঃ ২৯ সেপ্টেম্বর ২০২১ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ Zoom Cloud অনলাইন প্ল্যাটফর্ম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

**Zoom Cloud** প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | সভায় অফিসার ইনচার্জ, বারহাট্টা থানা কর্তৃক এ উপজেলায় সংঘটিত অপরাধচিত্র ও আইনশৃঙ্খলা পরিস্থিতি অবহিত করা হয়। সভায় জানানো হয় এ উপজেলায় আগস্ট ২০২১ মাসে ০০ টি খুন, ০০ টি চুরি, ০০ টি অপরহণ, ০০ টি নারী ও শিশু নির্যাতন, ০০ টি চোরাচালান, ০৩ টি মাদকদ্রব্য আইনে, ০১ টি দ্রুত বিচার আইনসহ অন্যান্য বিভিন্ন অপরাধে মোট ১৩ টি মামলা রুজু হয় এবং বিগত জুন/২০২১ মাসে ০০ টি খুন, ০২ টি চুরি, ০০ টি অপরহণ, ০৩ টি নারী ও শিশু নির্যাতন, ০০ টি চোরাচালান, ০৩ টি মাদকদ্রব্য আইনে, ০০ টি দ্রুত বিচার আইনসহ অন্যান্য বিভিন্ন অপরাধে মোট ২১ টি মামলা রুজু হয়, যা বর্তমান মাসের চেয়ে ০৮ টি কম। বর্তমানে এ উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও জননিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, বারহাট্টা থানা। |
| ০২ | সভায় আলোচনা হয় যে, বর্তমানে বারহাট্টা উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল তবে বিভিন্ন প্রকার মাদক সেবনের প্রবনতা বৃদ্ধি পেয়েছে। নবনির্মিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের পাশে উঠতি বয়সী ছেলে-মেয়েদের আড্ডা বসে। অতিথপুর আশ্রয়ণে মাদক সেবনের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। এসব আড্ডা বন্ধ এবং মাদক নির্মূলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | পুলিশী টহল জোরদার, প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি) ও অফিসার ইনচার্জ, বারহাট্টা থানা। |
| ০৩ | সভায় আলোচনা হয় যে, উপজেলার বিভিন্ন এলাকায় মদ,গাজা ও ইয়াবা সেবনকারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে বিভিন্ন অপকর্ম হচ্ছে। এ বিষয়ে সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বারহাট্টা থানার দৃষ্টি আকর্ষণ করা হয়। | পুলিশি টহল বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, বারহাট্টা থানা। |
| ০৪ | এ উপজেলার আলোকদিয়া মোহাম্মদী ব্রীজের পার্শ্বে গাইনপট্টিতে নিয়মিত জুয়ার আসর বসে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বারহাট্টা থানার দৃষ্টি আকর্ষণ করা হয়। | পুলিশি টহল বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, বারহাট্টা থানা। |

এছাড়াও জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় গৃহীত এ উপজেলার জন্য প্রযোজ্য সিদ্ধান্তসমূহ নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

এ পর্যায়ে আর কোন আলোচনা না থাকায়
করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.০৯.২১
(এস. এম. মাজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
বারহাট্টা, নেত্রকোণা
ফোনঃ ০৯৫২৩-৫৬০০১
মুঠোফোনঃ ০১৭০১-৩০০৩৯৯
ই-মেইলঃ
unobarhatta@mopa.gov.bd
unobarhatta@yahoo.com

তারিখঃ ১১ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২০৯.০০০.০৬.০০১.১৮- ৫৩৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য, ১৫৮ নেত্রকোণা-২ ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৩. পুলিশ সুপার, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
৬. উপজেলা..................................................অফিসার, বারহাট্টা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান..........................................................................ইউপি (সকল), বারহাট্টা, নেত্রকোণা।
৮. জনাব.......................................................................................... বারহাট্টা, নেত্রকোণা।
৯. সংশ্লিষ্ট নথি।

২৯.০৯.২১
উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা
ফোনঃ ০৯৫২৩-৫৬০০১
মুঠোফোনঃ ০১৭০১-৩০০৩৯৯
ই-মেইলঃ
unobarhatta@mopa.gov.bd
unobarhatta@yahoo.com